



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়
কার্যালয়, রাজশাহী



dnrcrp.rajshahidiv.gov.bd

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.১১৬১

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৮

১৮ নভেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৮ নভেম্বর ২০২১ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া, চন্দ্রিমা ও শাহমখদুম থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৮/১১/২০২১ খিঃ তারিখে উপপরিচালক ও সহকারী পরিচালক এর নেতৃত্বে রাজশাহী মহানগরের সাগর পাড়া কাঁচা বাজার এলাকা, শালবাগান এলাকা, শালবাগান বাজার এলাকা ও আমচত্বর এলাকায় অভিযান পরিচালিত হয়। উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী বোয়ালিয়া থানাধীন শালবাগান এলাকায় মা ভারাইটি স্টোরকে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৪,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ বোয়ালিয়া থানাধীন সাগর পাড়া কাঁচা বাজার এলাকায় রজবের মাছের দোকানকে খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪২ অনুযায়ী ২,০০০/- টাকা, লিটনের মাছের দোকানকে খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪২ অনুযায়ী ২,০০০/- টাকা, চন্দ্রিমা থানাধীন শালবাগান বাজার এলাকায় হেলাল মৎস্য আড়তকে খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪২ অনুযায়ী ৫,০০০/- টাকা ও শাহমখদুম থানাধীন আম চত্বর এলাকায় সোলেমান মৎস্য আড়তকে খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪২ অনুযায়ী ১,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ১৪,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় এবং আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

১৮-১১-২০২১

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক(অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) অফিস কপি।